দৈনিক
ইনকিলাব

13

তারিখ ... 06 DEC 1996
পৃষ্ঠা ... ১৬ কলাম ... ১

উন্মুক্ত বিশ্ববিদ্যালয় প্রাইভেট এসএসসি পরীক্ষার ব্যবস্থা গ্রহণ করেনি

উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের তথ্য ও গণসংযোগ উপদেষ্টা জানিয়েছেন, দৈনিক ইনকিলাবে ৩ ডিসেম্বর এসএসসি প্রাইভেট পরীক্ষা সংক্রান্ত যে খবর প্রকাশিত হয়েছে, সে সম্পর্কে প্রকৃত অবস্থা হচ্ছে যে, উন্মুক্ত বিশ্ববিদ্যালয় প্রাইভেট এসএসসি পরীক্ষার কোন ব্যবস্থা গ্রহণ করেনি। তবে ৮ম শ্রেণী পাস, স্কুলত্যাগী ছাত্রছাত্রীদের জন্য দু'বছর মেয়াদী এসএসসি প্রোগ্রাম চালু করেছে। এই প্রোগ্রামের আওতায় প্রথম বছর সর্বোচ্চ ৫টি এবং সর্বনিম্ন ৩টি বিষয় নিয়ে পরীক্ষা দেয়া যায়।